চন্দননগর কলেজ

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ছাত্রছাত্রী ভর্তি সংক্রান্ত সাধারণ তথ্য

- বর্ধমান বিশ্ববিদ্যালয়ের CBCS ব্যবস্থা অনুযায়ী তিন বছরের (৬ সেমিস্টার) B.A./B.Sc./B.Com সাম্মানিক ও সাধারণ পাঠক্রমে ২০১৯-২০ শিক্ষাবর্ষে চন্দননগর কলেজে ভর্তির জন্য কেবলমাত্র **অনলাইনে** আবেদন গ্রহণ করা হবে **১৭ই মে, ২০১৯** (সকাল) থেকে **৪ই জুন, ২০১৯** (সন্ধ্যা ৬টা) পর্যন্ত।
- অনলাইন আবেদন, অনলাইন পেমেন্ট প্রভৃতি কলেজের নির্দিষ্ট ওয়েবসাইট www.chandernagorecollege.org অথবা www.chandernagorecollegeadmission.com এ সম্পন্ন হবে। ভর্তির আবেদনপত্র, নিয়ম ও নির্দেশাবলী, পদ্ধতি এই ওয়েবসাইটগুলিতেই পাওয়া যাবে।
- **অনলাইন নিবন্ধীকরণের (online registration) জন্য নিম্নলিখিত স্তরগুলি অনুসরণ করতে হবে -**
  - আবেদনকারীকে প্রথমে কলেজের নির্দিষ্ট ওয়েবসাইটে **Online Admission Portal** এ মোবাইল নম্বরের মাধ্যমে অনলাইন ভর্তির নিবন্ধীকরণ (registration) করতে হবে।
  - সকল আবেদনকারীকে অনুরোধ করা হচ্ছে নিবন্ধীকরণ প্রক্রিয়ার সময় তারা যেন সতর্কতার সাথে তাদের মোবাইল নম্বরটি প্রদান করে। ভবিষ্যতে নিবন্ধীকৃত মোবাইল নম্বরটি যোগাযোগের একটি বিকল্প মাধ্যম হিসেবে ব্যবহৃত হবে। **ভর্তি সংক্রান্ত যাবতীয় গুরুত্বপূর্ণ তথ্য ঐ মোবাইল নম্বরে SMS**-এর মাধ্যমে জানানো হবে। প্রয়োজনীয় সময়সূচি, বিজ্ঞপ্তি ও সংশোধিত বিজ্ঞপ্তির জন্য **আবেদনকারীদের কলেজের ওয়েবসাইট** নিয়মিতভাবে অনুসরণ করতে **নির্দেশ** দেওয়া হচ্ছে। SMS না পাওয়ার জন্য **ভর্তি সূচিক্রমের কোনরূপ পরিবর্তনের অনুরোধ** গ্রাহ্য হবে না।
  - নিবন্ধীকরণ সম্পূর্ণ হলে লগ-ইন অ্যাকাউন্ট তৈরী হবে।
  - **লগ-ইন করে** আবেদনকারীকে প্রোফাইলটি **১০০%** সম্পূর্ণ করতে হবে।
  - প্রোফাইল সম্পূর্ণ করার পর কিন্তু কোন বিষয়ে আবেদন করার আগে মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর ব্যতীত অন্য তথ্য পরিবর্তন করতে চাইলে home page এর "view my profile" ট্যাবে যেতে হবে।
  - ভর্তি সংক্রান্ত যাবতীয় কাজের জন্য আবেদনকারীকে নিজ অ্যাকাউন্টে লগ ইন করতে হবে।
- **আবেদনপত্র পূরণঃ**
  - একজন আবেদনকারী যতগুলি খুশি সাম্মানিক ও সাধারণ বিষয়ে আবেদন করতে পারবে। প্রতি সাম্মানিক/সাধারণ পাঠক্রমের জন্য পৃথক পৃথক আবেদনপত্র তৈরী হবে এবং পৃথক পৃথক ভাবে আবেদনমূল্য জমা করতে হবে।
  - অনলাইন আবেদনমূল্য প্রতি আবেদনে ৫০ টাকা এবং ব্যাঙ্ক চার্জ (যদি প্রযোজ্য হয়) কেবলমাত্র ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ইন্টারনেট ব্যাঙ্কিং এর দ্বারা করতে হবে। সফলভাবে আবেদনমূল্য জমা না করা পর্যন্ত আবেদনপত্র সম্পূর্ণ হবে না। কেবলমাত্র সফলভাবে আবেদনমূল্য জমা করার পরেই আবেদনপত্রের প্রিন্ট আউট নেওয়া যাবে।

- আবেদন দাখিল করার পরে কিন্তু অর্থ জমা করার আগে কোন আবেদনকারী যদি তার পছন্দের সাম্মানিক বা সাধারণ বিষয় পরিবর্তন করতে চায় তবে তাকে সংশ্লিষ্ট আবেদনটি বাতিল করে নতুন করে আবেদন করতে হবে।

- **ভর্তি (admission)**
  - বৈদ্যুতিন পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সমাপ্ত হবার পর বৈধ আবেদনকারীদের তালিকা কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে। কোনো অসংগতি সংশোধনের জন্য কলেজ ওয়েবসাইটে দেওয়া তারিখ অনুযায়ী আবেদনকারীকে কলেজ অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
  - কলেজ ওয়েবসাইটে প্রথম মেধাতালিকা প্রকাশের পর যোগাযোগের বিকল্প মাধ্যম হিসেবে মেধাতালিকায় নাম থাকা আবেদনকারীর কাছে মেধাতালিকা সংক্রান্ত একটি SMS যাবে। মেধাতালিকায় নাম থাকা আবেদনকারীকে তার অ্যাকাউন্টে লগ-ইন করে নিম্নলিখিত নথিপত্রগুলি আপলোড করতে হবে-

    ১) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীটের স্ক্যান কপি।

    ২) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীটের স্ক্যান কপি।

    ৩) জন্মতারিখের প্রমাণপত্র (জন্ম শংসাপত্র / মাধ্যমিক পরীক্ষার এডমিট কার্ড) এর স্ক্যান কপি।

    ৪) যথাযোগ্য প্রতিষ্ঠান দ্বারা প্রাপ্ত জাতি শংসাপত্র (জেলাশাসক বা মহকুমা শাসক দ্বারা শংসিত) এর স্ক্যান কপি। অন্য রাজ্যের থেকে প্রাপ্ত জাতি শংসাপত্র গ্রাহ্য হবে না।

    ৫) যথাযোগ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত শারীরিক প্রতিবন্ধী শংসাপত্রের স্ক্যান কপি যেখানে ন্যূনতম ৪০% শারীরিক প্রতিবন্ধীতা প্রত্যয়িত থাকা আবশ্যক।

    উপরোক্ত নথিগুলি সফলভাবে আপলোড করার পর আবেদনকারীকে অবশ্যই স্বনির্ধারিত বিষয়ের জন্য ধার্য ভর্তিমূল্য ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/ইন্টারনেট ব্যাঙ্কিং পদ্ধতিতে জমা করে তার ভর্তিকে সুনিশ্চিত করতে হবে। সাম্মানিক ও সাধারণ বিষয়সমূহের ভর্তিমূল্য কাঠামোটি কলেজ ওয়েবসাইটে উপলব্ধ।

- **নথিপত্র যাচাইকরণ**

অনলাইনে ভর্তিমূল্য জমা দেওয়ার পর আবেদনকারীকে সাম্মানিক এবং সাধারণ ক্লাসগুলিতে হাজির থাকতে হবে নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী যা কলেজ ওয়েবসাইটে দেওয়া থাকবে। ভর্তিমূল্য প্রদান করার পর আবেদনকারীর ক্লাসে উপস্থিত থাকা আবশ্যক। সমস্ত নথি যাচাই হবে ক্লাসের সময়, ভর্তির প্রক্রিয়ার সময় নয়।

নথিপত্র যাচাই সংক্রান্ত নোটিস নির্দিষ্ট সময়ে কলেজ **ওয়েবসাইটে** পাওয়া যাবে।

- **একটি বিষয় থেকে আরেকটি বিষয় পরিবর্তন**
  একটি নির্বাচিত বিষয়ে ভর্তি হওয়ার পরে যদি কোন আবেদনকারী পুনরায় অন্য বিষয়ে ভর্তি হওয়ার সুযোগ প্রাপ্ত হয় এবং বিষয় বদলের সিদ্ধান্ত নেয় তবে তাকে নিজ অ্যাকাউন্টে লগ-ইন করে ১০ টাকা ট্রান্সফার ফি ও অতিরিক্ত ভর্তিমূল্য অনলাইনে জমা দিতে হবে।

- **ভর্তি বাতিল এবং বদলি শংসাপত্র (Transfer Certificate)**

- ভর্তি বাতিল করার এবং বদলি শংসাপত্র পাওয়ার জন্য আবেদনকারীকে নিজে কলেজে এসে কলেজ কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হবে।

- **সম্মতি বাক্স (Willingness Box)**

  - কাউন্সেলিং প্রক্রিয়ার তিনটি পর্ব সম্পূর্ণ হওয়ার পর বৈধ তালিকার অবশিষ্ট আবেদনকারীকে যোগাযোগের বিকল্প মাধ্যম হিসেবে নিবন্ধীকৃত মোবাইল নম্বরে **পরবর্তী কাউন্সেলিং এ অংশগ্রহণ করার জন্য** নিজ অ্যাকাউন্টে লগ-ইন করে **সম্মতি জানাতে** বলা হবে।
  - যেসমস্ত আবেদনকারী সম্মতি জানাতে ব্যর্থ হবে তাদের নাম পরবর্তী মেধাতালিকাগুলির জন্য **বিবেচনা করা হবে না।**

- **কঠোরভাবে মেধার ওপর ভিত্তি করে** যোগ্য আবেদনকারীকে ভর্তি করা হবে**।**
- **মেরিট স্কোর ও পশ্চিমবঙ্গ সরকারের সংরক্ষণ নীতি অনুযায়ী মেধাতালিকা তৈরী হবে। (**মেরিট স্কোর গণনার পদ্ধতি ভর্তির ওয়েবসাইটে পাওয়া যাবে) কোন পরিস্থিতিতেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আসনসংখ্যার অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে না। একাধিক আবেদনকারীর মেরিট স্কোর সমান হয়ে গেলে ভর্তির ওয়েবসাইটে উল্লিখিত নীতি অনুযায়ী টাই ভেদ করা হবে।
- সফলভাবে আবেদন করা এবং বৈধ আবেদনকারীদের তালিকায় নাম থাকা ভর্তি **সুনিশ্চিত করে না।**
- আবেদনপত্রে পরিবেশিত তথ্যের জন্য আবেদনকারী নিজে দায়ী থাকবে। পরিবেশিত তথ্য ভর্তি প্রক্রিয়ার কোন স্তরে, এমনকি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরেও ভুল বা ত্রুটিপূর্ণ হিসেবে পরিলক্ষিত হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।
- বর্ধমান বিশ্ববিদ্যালয়ে নিবন্ধীকরণের পূর্বে সমস্ত ভর্তিই শর্তাধীন। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বিধি ও শর্ত মান্য না করলে বা কলেজ কর্তৃপক্ষের কোন নিয়ম রক্ষিত না হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি বাতিল হতে পারে।
- নিয়মের ব্যাখ্যা ও প্রয়োগ সম্বন্ধে প্রাতিষ্ঠানিক প্রধানের সিদ্ধান্তই চূড়ান্ত।
- কেবলমাত্র বর্ধমান বিশ্ববিদ্যালয় দ্বারা অনুমোদিত পর্ষদ/বোর্ড এর শিক্ষার্থীগণের আবেদনই বৈধ হিসাবে গণ্য হবে।
- ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ বর্ষে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবলমাত্র ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- আবশ্যিক পরিবেশবিদ্যার নম্বর মেরিট স্কোর গণনার সময়ে বিবেচিত হবে না। এক্ষেত্রে পরিবেশ বিদ্যা যদি Compulsory Elective / Optional Elective এর মধ্যে থাকে তবে সেটি মেরিট স্কোর গণনার মধ্যে গণ্য হতে পারে।
- পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান বিধি (No. 1084 (20)-Edn (U)/EH/1U/-89-13 dated. 7th December, 2018 এবং **No. 07-Edn (U)/1U-89/13.- dated. 2nd January, 2014)** অনুযায়ী SC, ST, OBC-A, OBC-B এবং শারীরিক প্রতিবন্ধী আসন সংরক্ষিত হবে। কেবলমাত্র পশ্চিমবঙ্গে বসবাসকারী আবেদনকারীরাই সংরক্ষণের সুবিধা পাবে।
- কেবলমাত্র নির্বাচিত মহিলা আবেদনকারীরাই হোস্টেল সুবিধা প্রাপ্ত হবে। হোস্টেল বরাদ্দকরণ বিষয়ক নির্বাচনবিধি সম্পর্কিত তথ্যাদি পরবর্তীকালে জানানো হবে।
- উপরোক্ত নির্দেশাত্মক রূপরেখায় কোনরূপ পরিবর্তন হলে নির্ধারিত ওয়েবসাইটে প্রকাশিত হবে।

অধ্যক্ষ, চন্দননগর কলেজ